

প্রেস রিলিজ
১৪ ডিসেম্বর ২০২৫

বাউবিতে যথাযোগ্য মর্যাদায় শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) আজ ১৪ ডিসেম্বর ২০২৫, রবিবার যথাযোগ্য মর্যাদা ও গভীর শ্রদ্ধার সঙ্গে শহিদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উদ্যোগে বিভিন্ন স্মরণীয় কর্মসূচির আয়োজন করা হয়।

সকালে ঢাকার মিরপুরে শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে সকাল ৮ টা ০০ মিনিটে এবং রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধে সকাল ৯ টা ০০ মিনিটে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলামের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী শহিদ বুদ্ধিজীবীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়।


এ সময় উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক মোঃ আনিছুর রহমান, বিভিন্ন স্কুলের ডিন ও বিভাগের পরিচালকসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

শ্রদ্ধা নিবেদন শেষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, “মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী শহিদ বুদ্ধিজীবীরা ছিলেন জাতির বিবেক ও শ্রেষ্ঠ সন্তান। তৎকালীন পাকিস্তানি স্বৈরশাসকগোষ্ঠী পরিকল্পিতভাবে দেশের মেধাবী সন্তানদের হত্যা করে জাতিকে মেধাশূন্য করার অপচেষ্টা চালিয়েছিল। জাতির শ্রেষ্ঠ সন্তানদের আত্মত্যাগ ও বুকের তাজা রক্তের বিনিময়েই আমরা চূড়ান্ত বিজয় অর্জন করেছি। দেশের মাটি, মানুষ ও জাতীয় পতাকা রক্ষা করা আমাদের সকলের নৈতিক দায়িত্ব। বৈষম্যহীন ও ন্যায়ভিত্তিক গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার যে স্বপ্ন নিয়ে বুদ্ধিজীবীসহ সর্বস্তরের মানুষ মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন, সেই স্বপ্ন বাস্তবায়নই হবে তাঁদের প্রতি প্রকৃত শ্রদ্ধা। দলমত নির্বিশেষে জনগণের ভোটাধিকার নিশ্চিত করে একটি অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে নতুন প্রজন্মের জন্য গণতান্ত্রিক আগামীর নতুন বাংলাদেশ উপহার দেওয়াই আমাদের প্রত্যাশা।”

এর আগে ভোর ৬ টা ৩১ মিনিটে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে গাজীপুরস্থ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কর্মসূচির সূচনা করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

এছাড়া গাজীপুর ক্যাম্পাসের কেন্দ্রীয় জামে মসজিদে যোহরের নামাজ শেষে শহিদ বুদ্ধিজীবীদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

একই সঙ্গে সারাদেশে অবস্থিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহে স্ব স্ব কেন্দ্রপ্রধানের নেতৃত্বে স্থানীয় প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে অনুরূপ কর্মসূচি পালন করা হয়।



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮